

dncrp.rajshahidiv.gov.bd

নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৩৩৪

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০৯ মার্চ ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের কাশিয়াডাঙ্গা ও রাজপাড়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ০৯/০৩/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ এর নেতৃত্বে রাজশাহী মহানগরের কাশিয়াডাঙ্গা ও রাজপাড়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী হড়গ্রাম বাজার এলাকায় হামিদু সুইটস কে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ২,০০০/- টাকা ও মানুষের জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর প্রক্রিয়ায় পণ্য প্রক্রিয়াকরণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৩ অনুযায়ী ৮,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ ঢালুর মোড় এলাকায় স্মরণিকা ফার্মেসি কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ৫,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ১৫,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APR

৯-৩-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫০৭৭৪

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।

- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।